খ) ২০২২-২০২৩ অর্থবছরে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
গ) প্রকল্পের ক্রমপুঞ্জিভুত আর্থিক ও বাস্তব অগ্রগতি;
ঘ) ২০২২-২৩ অর্থবছরে এপিএ লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত আলোচনা;
ঙ) ২০২২-২৩ অর্থবছরে দরপত্র আহবান সংক্রান্ত আলোচনা;
চ) বিবিধ।

(মোঃ ইসমাইল হোসেন)
উপপ্রকল্প পরিচালক
ফোনঃ ০২-২২২২৮৮৫৭০
ইমেইলঃ dpd.bridge@ddm.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা;
০২. প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা;
০৩. প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা;
০৪. অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা;
০৬. যুগসচিব (বাজেট-৩), অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭. যুগপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয়, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা;
০৮. উপসচিব (পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৯. উপপ্রধান (খাদ্য ও দুর্যোগ বিভাগ), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা;
১০. সহকারী পরিচালক, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা;

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৩. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'গ্রামীণ রাস্তায় ১৫মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প বাস্তবায়ন কমিটি'(PIC) এর ১৫ তম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: মিজানুর রহমান
মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
সভার স্থান : Zoom App (ভার্চুয়াল)।(Zoom Meeting ID No. 860 2435 9511 Pass: প্রযোজ্য নহে)
সভার তারিখ : ১১জুন, ২০২৩ খ্রি.
সভার সময় : দুপুর ০২:৫০ টা

সভায় Zoom App এর মাধ্যমে সংযুক্ত কর্মকর্তাদের তালিকা 'পরিশিষ্ট-ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত ২৭/০৩/২০২৩তারিখে অনুষ্ঠিত ১৪তম প্রকল্প বাস্তবায়ন কমিটি'(PIC) এর সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর প্রকল্প পরিচালককে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য আহ্বান জানান। প্রকল্প পরিচালক জানান, 'গ্রামীণ রাস্তায় ১৫মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ' শীর্ষক প্রকল্পটি ৬৫৭৮.২০কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী/২০১৯খ্রি. হতে জুন/২০২২খ্রি. পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। অতপরঃ প্রকল্পের বাস্তবায়নকাল ০১জানুয়ারী ২০১৯ হতে ৩০জুন ২০২৪খ্রি. পর্যন্ত ২(দুই) বছর বৃদ্ধি করে সংশোধনের প্রস্তাব করা হলে গত ২১/০৯/২০২২খ্রি. পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়। এক্ষেত্রে সংশোধিত প্রাক্কলিত ব্যয় দাঁড়ায় ৬৫৪৫.২৭ কোটি টাকা। ইতোমধ্যে উদ্যোগী মন্ত্রণালয় কর্তৃক সংশোধিত ডিপিপির প্রশাসনিক আদেশ জারী হয়েছে।

এ প্রকল্পের আওতায় দেশের ৬৪টি জেলাধীন ৪৯২টি উপজেলায় ১৩,০০০ (তের হাজার) টি সেতু/কালভার্ট নির্মাণ করার প্রস্তাব করা হয়, যার মোট দৈর্ঘ্য ১৫৬০০০.০০ মিটার। প্রকল্পের আওতায় এ পর্যন্ত তথা ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২অর্থবছরে অদ্যাবধি সর্বমোট ৭৫৭৬ টি (৭৭৬১২.৫০ মিটার) সেতু/কালভার্ট এর দরপত্র আহবান করা হয়েছে। তন্মেধ্যে ৬৪৭৬টি (৫২৫৯৭.৩৯ মিটার)বক্স কালভার্ট এবং ১১০০টি (১৫২১২.৫৪ মিটার) গার্ডার টাইপ।

০২। আলোচনাঃ

প্রকল্প পরিচালক সভায় জানান, এ পর্যন্ত প্রকল্পের মোট ব্যয় হয়েছে ১৭৯৫৮৬.৭৮লক্ষ (এক হাজার সাতশত পঁচানব্বই কোটি ছিয়াশি লক্ষ আটাত্তর হাজার) টাকা এবং ৬৪৩৬ টি সেতুর (৫২,৫০০ মিটার) কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পের এ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪৯.৫০% এবং ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৪৪%। তিনি প্রথমে বিগত ১৪তম সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। এরপর তিনি ধারাবাহিক ভাবে আলোচ্যসূচি সভায় তুলে ধরেন এবং আলোচ্যসূচি মোতাবেক নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	আলোচ্যসূচি (খ): প্রকল্পের কাজের অগ্রগতি পর্যালোচনাঃ ভৌত অগ্রগতিঃ প্রকল্পের শুরু হতে অদ্যাবধি ৭৫৭৪টি সেতু/কালভার্টের দরপত্র আহবান করা হয়েছে। তন্মধ্যে ৬৯৬৮টি সেতু/কালভার্টের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং ৮৮৩টি সেতু/কালভার্টের নির্মান কাজ শেষ পর্যায়ে। শীঘ্রই চুড়ান্ত বিল প্রদান করা হবে। আর্থিক অগ্রগতিঃ ২০২২-২০২৩ অর্থ বছরে আরএডিপি'তে ৫৬০১৮.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। তন্মধ্যে ০৩(তিন) কিস্তিতে ৩১২৫৩.৮২ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। ছাড়কৃত ৩১২৫৩.৮২ লক্ষ টাকা হতে মে/২৩ পর্যন্ত ২৮৪৩৩.৩১ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে। মোট বরাদ্দ অনুযায়ী আর্থিক অগ্রগতি ৩১.২৫% এবং ০৩(তিন) কিস্তিতে ছাড়কৃত অর্থ অনুযায়ী আর্থিক অগ্রগতি ৯০.৯৮%।	দ্রুত অবশিষ্ট সেতু/ কালভার্টের নির্মাণ কাজ বাস্তবায়ন করত: চলতি অর্থবছরে প্রাপ্ত বরাদ্দ ব্যয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) প্রকল্প পরিচালক
০২	আলোচ্যসূচি (গ)। প্রকল্পের ক্রমপুঞ্জিভূত আর্থিক ও বাস্তব অগ্রগতি; ক্রমপুঞ্জিত অগ্রগতিঃ অ) আর্থিক: ২০৪৫০৮.০১ লক্ষ টাকা (৩১.২৫%); আ) বাস্তব কাজের অগ্রগতি: ৪৯.৫০% ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতিঃ বিবরণ / সংখ্যা (টি) / দৈর্ঘ্য (মিটার) / প্রাক্কলণ (টাকা) লক্ষ্যমাত্রা / ১৩০০০ / ১৫৬০০০ / ৬৪৩৪১৬.৬৭ মোট দরপত্র আহবানকৃত সেতু/কালভার্টের সংখ্যা / ৭৫৭৪ / ৬৭৮৩৭.৯৩ / ২৩৩০০০.৭৮ সমাপ্তকৃত সেতু/কালভার্ট / ৬৯৬৮ / ৬২৪১০.১৮ / ২১৪৩৫৮.২৫ অসমাপ্ত সেতু/কালভার্ট / ৬০৬ / ৫৪২৭.৭৫ / ১৮৬৪২.৫২ অবশিষ্ট সেতু/কালভার্ট / ৫৪২৬ / ৮৮১৬২.০৭ / ৪১০৪১৫.৮৯	প্রকল্পের ক্রমপুঞ্জিত অগ্রগতি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রকল্পের অবশিষ্ট মেয়াদে লক্ষমাত্রা অর্জন সম্ভব হবেনা বিধায় এখন থেকেই পরিকল্পনা প্রণয়ন করে লক্ষ্যমাত্রা অর্জন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে প্রকল্পের সময় বৃদ্ধির প্রস্তাবনা প্রস্তুত করতে হবে।	১)প্রকল্প পরিচালক।

<table>
<tr><th>ক্রঃনং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী সংস্থা/ব্যক্তিবর্গ</th></tr>
<tr><td></td><td>প্রকল্পের নির্ধারিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী বছরভিত্তিক কাঙ্খিত ADP বরাদ্দ না পাওয়ায় লক্ষ্যমাত্রা অর্জন বিঘ্নিত হয়েছে তাই অবশিষ্ট মেয়াদে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে না। প্রকল্পটি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ঐতিহ্যবাহী একটি প্রকল্প। প্রকল্পটির স্থানীয় পর্যায়ে ব্যাপক চাহিদা রয়েছে এবং মাঠ পর্যায়ে প্রত্যন্ত গ্রামাঞ্চলে যোগাযোগের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তাই জনস্বার্থ এবং ব্যাপক চাহিদার প্রেক্ষিতে প্রকল্পটির অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন।</td><td></td><td></td></tr>
<tr><td>০৩</td><td>আলোচ্যসূচি–(ঘ)। ২০২২-২৩ অর্থবছরে এপিএ লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত আলোচনা;
<table>
<tr><th>কার্যক্রম</th><th>কর্মসম্পাদন সুচক</th><th>একক</th><th>কর্মসম্পাদন সুচকের মান</th><th>২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রা</th><th>১১ মার্চ' ২০২৩খ্রি. পর্যন্ত অগ্রগতি</th></tr>
<tr><td>[৩.১] গ্রামীণ রাস্তার ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট</td><td>[৩.১.১] নির্মিত ব্রিজ/কালভার্ট</td><td>কি.মি.</td><td>২</td><td>৫</td><td>৮.০৪</td></tr>
<tr><td></td><td>[৩.১.২] ব্রিজ কালভার্ট পরিদর্শনের সংখ্যা</td><td>সংখ্যা</td><td>১</td><td>৫০</td><td>৩১</td></tr>
<tr><td></td><td>[৩.১.৩]পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন</td><td>%</td><td>১</td><td>৫০</td><td>৫</td></tr>
</table></td><td>APA এর ২টি লক্ষ্যমাত্রার মধ্যে ১টি শতভাগ অর্জন করায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জানানো হয় তবে অপর লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>১) প্রকল্প পরিচালক।</td></tr>
<tr><td>০৪</td><td>আলোচ্যসূচি–(ঙ)। ২০২২-২৩ অর্থবছরে দরপত্র আহবান সংক্রান্ত আলোচনাঃ
২০২২-২০২৩ অর্থবছরে e-Gp পদ্ধতিতে ডিপিপি অনুযায়ী LGED এর সর্বশেষ অর্থ্যাৎ ২০২৩ এর SoR অনুযায়ী ২০৩টি প্যাকেজে দরপত্র আহবান করা হয়েছে। যার মধ্যে ৪০৪টি বক্স কালভার্ট (প্রাক্কলিত মূল্য ৯৭,২০,০৯,০২০.০০ টাকা এবং ২টি গার্ডার ব্রীজ (প্রাক্কলিত মূল্য ২,২০,২২,৬৭১.০০ টাকা) রয়েছে। আহবানকৃত সেতু/কালভার্ট এর মধ্যে ৬২টির NOA ইস্যু করা হয়েছে। ২২৫ টির NOA ইস্যু প্রক্রিয়াধীন রয়েছে এবং ১০২টি প্যাকেজে ৩১০টি সেতুর দরপত্র eGp তে লাইভে রয়েছে যার মধ্যে বক্স কালভার্ট ১২৮ টি (প্রাক্কলিত মূল্য ৪২,৫৩,১৮,৬৮৪.০০ টাকা) এবং ১৮২ টি গার্ডার ব্রীজ (প্রাক্কলিত মূল্য ১৮৯,৪৪,৫৪,৫৯৭.০০ টাকা)। দেশের প্রত্যন্ত অঞ্চলে অনেক সেতুর চাহিদা রয়েছে। যা পর্যায়ক্রমে দরপত্র আহবান করা প্রয়োজন।মোট ২০৩টি প্যাকেজের মধ্যে ৬৭টি প্যাকেজের Work order প্রদান করা হয়েছে এবং ৫৩টি প্যাকেজের NOA ইস্যু করা হয়েছে বাকী ৮৩টি প্যাকেজের NOA প্রক্রিয়াধীন রয়েছে।</td><td>দ্রুত সকল সেতু/ কালভার্টের কার্যাদেশ প্রদান করত: সেতু/কালভার্টের বাস্তবায়ন কাজ শুরু করতে হবে।</td><td>১) প্রকল্প পরিচালক।</td></tr>
<tr><td>০৫</td><td>আলোচ্যসূচি–(চ)। বিবিধঃ
ক) প্রকল্পের গার্ডার সেতু নির্মাণের জন্য Sub Soil Investigation and Topographical Survey এর সংস্থান রয়েছে। ইতোমধ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে এবং পরামর্শক প্রতিষ্ঠানের কার্যাদেশের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় অবশিষ্ট সেতুর Sub Soil Investigation and Topographical Survey সম্পন্ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা প্রয়োজন।
খ) ইতোপূর্বে আহবানকৃত দরপত্রে অনুমোদিত ড্রয়িং এ Wing Wall এর সাথে Newel এর দৈর্ঘ্য এবং উচ্চতা কম থাকায় Approach এ মাটি ধরে রাখার সমস্যার কারণে মহাপরিচালক মহোদয়ের পরিদর্শন ও সুপারিশের প্রেক্ষিতে তা বৃদ্ধি করা হয় এবং Variation Hope কর্তৃক অনুমোদন করা হয়েছে।
গ) নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলায় b) কাটাশকোল থেকে আরাজী ভবানীপুর যাওয়ার রাস্তায় লোকমানের বাড়ীর সামনে সেতু নির্মাণের জন্য দরপত্র আহবান করা হয় যার টেন্ডার আইডি নং ৮১৪২৬১ দরপত্র আহবানকৃত সেতুটির চেয়ে উপল শহর বাবুপাড়া খজেল খলিফার বাড়ীর পাশে রাস্তায় সেতু নির্মাণ বেশী গুরুত্বপূর্ণ মর্মে পরবর্তিত স্থানে সেতুটি বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন কমিটি বড়াইগ্রাম নাটোর সিদ্ধান্ত গ্রহন করে বাস্তবায়নের জন্য অনুরোধ করেছেন । উক্ত সেতুটি আরডিপিপি তে অন্তভুক্ত না থাকায় সংশোধিত তালিকাটি আনুমোদন করা প্রয়োজন।</td><td>ক) Sub Soil Investigation and Topographical Survey পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের উদ্যোগ গ্রহণ করতে হবে।
খ) Variation মোতাবেক সেতু/কালভার্টের কাজ সমাপ্ত করার জন্য অনুরোধ করা হলো।
গ) জনগুরুত্বপূর্ণ বিবেচনায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত তালিকা অনুমোদন করা হলো।</td><td>১) প্রকল্প পরিচালক।</td></tr>
</table>

আর কোন আলোচনা না থাকায় সভায় অংশ গ্রহণকারী সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মিজানুর রহমান)
মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

"বন্যা প্রবণ ও নদী ভাঙন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) ১৬তম সভার কার্যবিবরণী:

সভাপতিঃ	জনাব মোঃ মিজানুর রহমান মহাপরিচালক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
সময়ঃ	বিকাল ০৩.০০ ঘটিকা
তারিখঃ	১৮/০৫/২০২৩খ্রিঃ
সভার স্থানঃ	Zoom Online ID: 86024359511

সভার আলোচ্যসূচিঃ

১। সভার আলোচ্য সূচিঃ
ক) গত ১৬/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত ১৫তম সভার কার্যবিবরণী দৃঢ়করণ;
খ) ১৫তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
গ) ২০২২-২০২৩ অর্থ বছরের সার্বিক অগ্রগতির বিষয়ে আলোচনা;
ঘ) ২০২২-২৩ অর্থ বছরের এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে আলোচনা;
ঙ) বিবিধ।

সভায় উপস্থিতির তালিকাঃ সংযোজনী-ক দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিগত ১৫তম সভার কার্যবিবরণী সদয় অবলোকনের জন্য সদস্যগণকে অনুরোধ জানান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান।

আলোচনা-০২: ১৫ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ

প্রকল্প পরিচালক ১৫তম সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থিত সদস্যগণের সদয় অবগতির জন্য উপস্থাপন করেন যা নিম্নরূপঃ

সিদ্ধান্ত নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০১	কিশোরগঞ্জ জেলাধীন মিঠামইন উপজেলার বিকল্প প্রস্তাবিত মোহাম্মদ আব্দুল গণি ভূঁঞা উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণের সুপারিশ পরবর্তী পিএসসি সভায় উপস্থাপন করতে হবে। ।	সিদ্ধান্ত অনুযায়ী গত ১৯/০৩/২০২৩ তারিখের পিএসসি সভায় উপস্থাপন করে সুপারিশ গ্রহণ করা হয়েছে। সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
০২	সিলেট জেলার কানাইঘাট উপজেলার এমপি সেলিম উদ্দিন একাডেমি বন্যা আশ্রয়কেন্দ্র অনুমোদনের সুপারিশ পরবর্তী পিএসসি সভায় উপস্থাপন করতে হবে।	সিদ্ধান্ত অনুযায়ী গত ১৯/০৩/২০২৩ তারিখের পিএসসি সভায় উপস্থাপন করে সুপারিশ গ্রহণ করা হয়েছে। সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
০৩	বন্যা আশ্রয়কেন্দ্রের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য ৬০০ মি.মি.X ১৫০মি.মি. X ৩ মি.মি. মোলামাইন বোর্ড এ ডিজিটাল প্রিন্ট করে কক্ষগুলোর নামফলক স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিদ্ধান্ত অনুযায়ী গত ১৯/০৩/২০২৩ তারিখের পিএসসি সভায় উপস্থাপন করে সুপারিশ গ্রহণ করা হয়েছে। সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

আলোচনা ০৩: ২০২২-২০২৩ অর্থ বছরের সার্বিক অগ্রগতির বিষয়ে আলোচনাঃ

প্রকল্প পরিচালক প্রকল্পের আর্থিক, বাস্তব এবং এপিএ'র অগ্রগতি সভায় উপস্থাপন করেন। যা নিম্নরূপঃ

ক) কাঠামোগত অগ্রগতিঃ

মোট ৪২৩ টি প্রকল্পের মধ্যে ৩৭৪ টি প্রকল্পের চুক্তিপত্র সম্পাদন হয়েছে যার মধ্যে ২২০ টি প্রকল্প হস্তান্তর করা হয়েছে এবং ১৫৪ টি প্রকল্পের নির্মাণ কাজ চলমান আছে। এর মধ্যে ফিনিসিং কাজ চলমান - ৫৫ টি, গাঁথুনির কাজ চলমান- ২৫ টি, ৩য় তলার ছাদ ঢালাই - ১৫ টি, ২য় তলার ছাদ ঢালাই - ১২ টি, ১ম তলার ছাদ ঢালাই - ১০ টি, নীচ তলার কলাম ঢালাই- ১২ টি এবং অন্যান্য কাজ চলমান - ২৫ টি।

মাননীয় প্রধানমন্ত্রী ২৩মে, ২০২১ খ্রি: তারিখে ৩০টি এবং ১৩ অক্টোবর, ২০২২ খ্রি: তারিখে ৮০টি সহ মোট ১১০ টি বন্যা আশ্রয়কেন্দ্র ভার্চুয়ালি উদ্বোধন করেছেন। আরও ১১০ টি বন্যা আশ্রয়কেন্দ্র উদ্বোধনের জন্য প্রস্তুত রয়েছে। রেট সিডিউল ২০২২ (সংশোধিত) অনুযায়ী ৫১টি বন্যা আশ্রয়কেন্দ্রের দরপত্র/পুনঃদরপত্র আহবান করা হবে।

Feasibility study অনুযায়ী (৪র্থ পর্যায়) ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

খ) আর্থিক অগ্রগতিঃ

চলতি ২০২২-২৩ অর্থ বছরে এডিপিতে "বি" ক্যাটাগরীর প্রকল্প হিসেবে (লক্ষ টাকায়) মোট ২২১৫০.০০ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। জিওবি ২২৫২৫.০০ (লক্ষ)। ১৬/০৫/২০২৩ পর্যন্ত ব্যয় ১৩৪৪৯.৭৭ লক্ষ টাকা। অগ্রগতির হার ৫৯.৭১%। প্রকল্পের ক্রমপুঞ্জিভূত বাস্তব অগ্রগতি ৭৩.০০%। প্রকল্পের ক্রমপুঞ্জিভূত ব্যয় ৮৭৫৯১.৭১৬ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ৫৮.১০%।

চলমান প্রকল্পের মেয়াদ জুন'২৩ এ শেষ হবে। প্রকল্পের মেয়াদ আরও ০২ (দুই) বছর বৃদ্ধির প্রস্তাবসহ সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আরডিপিপি অনুমোদনের জন্য গত ০৯/০৫/২০২৩ তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রকল্পের মেয়াদ ০২ বছর বৃদ্ধিসহ ৫০ কোটি টাকা ব্যয় বৃদ্ধির মধ্যে অনুমোদনের সুপারিশ করা হয়।

আলোচনা ০৪: ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য মাত্রা অর্জন বিষয়ে আলোচনাঃ

২০২২-২৩ অর্থ বছরে এপিএ'র লক্ষ্যমাত্রা ৫৩.০০ হাজার বর্গমিটার। এপ্রিল'২৩ পর্যন্ত ৫০.০০ হাজার বর্গমিটার অর্জন করা সম্ভব হয়েছে। পরিকল্পনা অনুযায়ী সকল অঙ্গের এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের কার্যক্রম চলমান আছে।

আগামী ২০২৩-২৪ অর্থবছরে এপিএ'র লক্ষ্যমাত্রা ৫০.০০ হাজার বর্গমিটার প্রস্তাব করা হয়েছে।

আলোচনা-০৬: বিবিধ আলোচনাঃ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মিজানুর রহমান
মহাপরিচালক
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
, ফোন: ৯৮৪১৫৮১

স্মারক নং-৫১.০১.০০০০.০২৫.১৪.০৫৪.১৮. ১১৪৮(৯)

তারিখঃ ২২/০৫/২০২৩খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও-কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
২। বিভাগ প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।
৩। বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।
৪। মহাপরিচালক (কৃষি), আইএমইডি, পরিকল্পনা কমিশন।
৫। বিভাগ প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন।
৬। অতিরিক্ত সচিব, (পরিঃ ও উন্নঃ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৭। প্রকল্প পরিচালক, বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প (৩য় পর্যায়), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৮। পরিচালক (পরিঃ ও উন্নঃ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৯। জনাব এবিএম সফিকুল হায়দার, যুগ্ম-সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১০। জনাব মোঃ তৌহিদুল ইসলাম, উপ-সচিব, (বাজেট-৩) প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১১। নির্বাহী প্রকৌশল (মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১২। জনাব ....., দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী, বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প (৩য় পর্যায়)।
১২। অফিস কপি।

(মোঃ কামরুল আহসান)
উপ-প্রকল্প পরিচালক
বন্যা প্রবণ ও নদী ভাঙন এলাকায়
বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প (৩য় পর্যায়)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
ফোন: ০২-২২২২৯৮১২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ)
বাড়ী নং#১২১, রোড নং#২১ (ডিওএইচএস), মহাখালী, ঢাকা

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৯.৩৭.০০১.১৬.১৫৬০

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪৩০ / ১৭ মে ২০২৩

২১ তম প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার নোটিশ

আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) এর Project Implementation Committee (PIC)-র ২১ তম সভা, কমিটির সভাপতি ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর মহাপরিচালক জনাব মোঃ মিজানুর রহমান এর সভাপতিত্বে আগামী ২২/০৫/২০২৩ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১১:০০ ঘটিকায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর মহাখালী, ঢাকা এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় PIC এর সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় সমূহ:

১। আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) শীর্ষক প্রকল্পের No cost extension প্রসঙ্গে।
২। TED Program সংক্রান্ত অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা প্রসঙ্গে।
৩। বিবিধ।

১৭/০৫/২৩

(ড.এ.টি.এম.মাহবুব-উল-করিম)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোনঃ +৮৮০২৫৮৮১৫০৮১
ই-মেইল: urban.ddm2022@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রেরণের অনুরোধসহ।
২। নির্বাহী চেয়ারম্যান (সচিব) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ১১-১২ তলা (বিনিয়োগ ভবন,ই-৬/বি),আগারগাঁও,শেরে বাংলানগর, ঢাকা-১২০৭। ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রেরণে অনুরোধসহ)।
৩। মহাপরিচালক, পিসিএমইউ (ইউআরপি-প্রকল্প) পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৪। যুগ্ম-সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী, ঢাকা।
৬। পরিচালক, (প্রশিক্ষণ ও গবেষণা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী, ঢাকা।
৭। বিভাগীয় প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রেরণের অনুরোধসহ)

৮। প্রধান,পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রেরণের অনুরোধসহ)

৯। মহাপরিচালক, ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স অধিদপ্তর, (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রেরণের অনুরোধসহ)।

১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রেরণের অনুরোধসহ)।

১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রেরণের অনুরোধসহ)।

১২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রেরণের অনুরোধসহ)।

১৩। চেয়ারম্যান, রাজউক, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রেরণের অনুরোধসহ)

১৪। উপসচিব (পরিকল্পনা শাখা-৩), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫। উপ-প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ)।

১৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) (২য় সংশোধিত) এর ২১ তম পিআইসি সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	জনাব মোঃ মিজানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
তারিখ ও সময়ঃ	২২/০৫/২০২৩খ্রিঃ সকাল ১১:০০ ঘটিকা।
স্থানঃ	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রারম্ভিক বক্তব্য প্রদান করেন। গত সভার কার্যবিবরণী অনুমোদন করেন এবং প্রকল্প পরিচালককে আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য আহবান জানান। প্রকল্প পরিচালক সভায় ধারাবাহিকভাবে আলোচনা উপস্থাপন করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) (২য় সংশোধিত) প্রকল্পের অর্থ বৃদ্ধি ব্যতিরেকে নভেম্বর ২০২৩ হতে জুন ২০২৪ পর্যন্ত (০৮ মাস) সময় বর্ধন	সভায় প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প, জানান যে, গত ০৫ এপ্রিল ২০২৩ তারিখে World Bank Implementation Support Mission বিশ্বব্যাংক ও আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) এর সভার সিদ্ধান্ত; ০৬ এপ্রিল ২০২৩ তারিখে World Bank Implementation Support Mission এ বিশ্বব্যাংক ও ডিডিএম এর মহাপরিচালক মহোদয়ের সভার সিদ্ধান্ত; ১৭ মে ২০২৩ তারিখে World Bank Implementation Support Mission এ বিশ্বব্যাংক, পরিকল্পনা মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং ইউ আর পি প্রকল্পের প্রকল্প পরিচালকগণের World Bank Implementation Support Mission এর Wrap-up সভার সিদ্ধান্ত অনুসারে আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) (২য় সংশোধিত) এর মেয়াদ নভেম্বর, ২০২৩ হতে আরও ০৮ মাস বর্ধিত করে জুন ২০২৪ পর্যন্ত বর্ধিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প, আরও জানান INSARAG কে পরবর্তী ধাপে নিয়ে যেতে এবং উপর্যুক্ত ট্রেনিংগুলো ব্যাপক পরিসরে প্রদান করলে দুর্যোগ মোকাবেলায় বাংলাদেশ আরও সক্ষমতা অর্জন করবে। সেকারণে প্রকল্পের মেয়াদ নভেম্বর, ২০২৩ হতে আরও ০৮ মাস বর্ধিত করে জুন ২০২৪ পর্যন্ত বর্ধিতকরণ প্রয়োজন। সভায় প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প, আরও জানান যে, উপর্যুক্ত সভাগুলোর আলোচনায় আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ) (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প হতে ০১ মিলিয়ন ইউএস ডলার আরবান রেজিলিয়েন্স প্রকল্পের আরবান রেজিলিয়েন্স প্রকল্প (পিসিএমইউ) ও আরবান রেজিলিয়েন্স প্রকল্প (রাজউক) অংশে স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; উপর্যুক্ত বিষয়গুলোর ব্যাপারে সভায় সকলে একমত পোষণ করেন।	আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) (২য় সংশোধিত) প্রকল্পের অর্থ বৃদ্ধি ব্যতিরেকে নভেম্বর ২০২৩ হতে জুন ২০২৪ পর্যন্ত (০৮ মাস) সময় বর্ধনে সিদ্ধান্ত গৃহীত হয়।
Training Exercises & Drills (TED) Program এর	সভায় প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প, জানান যে, TED Program এ অন্তর্ভুক্ত Basic Disaster Risk Management ০৪টি ব্যাচে, Conduction of 100 hrs of Prerequisites International Association of Emergency Managers (IAEM) Training ০৩টি ব্যাচে, Emergency Operations Plan (EOP) / Emergency	পূর্বের TED চুক্তির আর্থিক নিষ্পত্তির কার্যক্রম চলমান রেখে UNDP এর সাথে বর্তমান চুক্তির অধীনে

ট্রেনিং মডিউলগুলো পর্যালোচনা।	Operations Centre (EOC) Training ০৪টি ব্যাচে ট্রেনিং মডিউলগুলো প্রণয়নপূর্বক ট্রেনিং সম্পন্ন হয়েছে। এছাড়াও Vendor Training, Table Top Exercises (TTX), (FTX) ও ড্রিলস, INSARAG এর ট্রেনিং মডিউলগুলো প্রণয়নপূর্বক ট্রেনিং প্রদান করা হচ্ছে। সভায় সকল সদস্য UNDP কর্তৃক Training Exercises & Drills (TED) Program বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করেন।	Training Exercise and Drills (TED) Program এর ট্রেনিং মডিউলগুলোর Content গুলো গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মিজানুর রহমান)
মহাপরিচালক
ফোন: ৮৮০-২-৫৮৮১৫৪৯৫
Email: dg@ddm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

সভার নোটিশ

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় ১৩ তম 'প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC)'-এর সভা আগামী ১৮ মে, ২০২৩ বৃহস্পতিবার দুপুর- ০২:৩০ টায় অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে Zoom Apps এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানিত সকল সদস্যকে যথাসময়ে সংযুক্ত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

Zoom Meeting ID: 86024359511
Meeting Password: N/A

আলোচ্য সূচীঃ

০১) ১২ সভার কার্য-বিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ;
০২) ২০২২-২৩ অর্থ বছরে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি;
০৩) প্রকল্পের ক্রমপুঞ্জিভূত আর্থিক ও বাস্তব অগ্রগতি;
০৪) এপিএ এর অগ্রগতি সংক্রান্ত আলোচনা;
০৫) ২০২৩-২০২৪ অর্থ বছরের দরপত্র আহ্বান সংক্রান্ত;
০৬) বিবিধ।

(নিশ্চিন্ত কুমার পোদ্দার)
যুগ্মসচিব
প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোনঃ ০২-৮৮৩২৫০৭
ই-মেইলঃ pd.ddmhbb2@gmail.com

স্মারক নং: ৫১.০১.০০০০.০২৪.০৬.৫৩২.১৯- ৫৯৭

তারিখঃ ১৬ -০৫-২০২৩ খ্রিঃ

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
০৩। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
০৫। প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয় (উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
০৬। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৭। যুগ্ম প্রধান, এনইসি-একনেক ও সমন্বয়, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
০৮। উপ-সচিব (বাজেট-৩), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপপ্রকল্প পরিচালক, 'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ.কে খন্দকার সড়ক
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
web: ddm.gov.bd

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'গ্রামীণ মাটির রাস্তা টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের 'প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC)' ১৩ তম সভার কার্য-বিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ মিজানুর রহমান মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
সময়	:	দুপুর ০২:৩০ ঘটিকা।
তারিখ	:	১৮/০৫/২০২৩ খ্রিঃ।
সভার স্থান	:	Zoom meeting.

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হলো।

সভার শুরুতে সভাপতি সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানান। সভাপতি প্রকল্প পরিচালককে সভার কার্যপত্র অনুযায়ী সভা সঞ্চালনার জন্য অনুরোধ জানান। সভায় প্রকল্প পরিচালক জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পটি ৩৩৪৭২৩.২৭ লক্ষ টাকায় জানুয়ারী, ২০১৯ হতে জুন, ২০২৩ মেয়াদে মোট ৫৫৮৮.৭৮ কি. মি. এইচবিবি রাস্তা বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। এরপর কার্যপত্র অনুযায়ী সভার আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী	আলোচনা বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪
১। প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) ১২তম সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন;	সভাপতির নির্দেশনা মতে প্রকল্প পরিচালক সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন।	পূর্ববর্তী সভার কার্য-বিবরণীতে কোন পরিবর্তন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়।	-
০২। ২০২২-২৩ অর্থ বছরে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি;	প্রকল্প পরিচালক সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে প্রকল্পের আওতায় এডিপি'তে ৫২০০০.০০ লক্ষ (রাজস্ব- ৫২৫.০০ লক্ষ টাকা + মূলধন- ৫১৪৭৫.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। প্রকল্পটি 'বি' ক্যাটাগরি হওয়ায় অর্থ মন্ত্রণালয়ের ১২/০৩/২০২৩ তারিখের ০৭.১০১.০২০.০০. ০০.০০১.২০০৯- ৪২০ স্মারকের পরিপত্র মোতাবেক ১৫% সংরক্ষিত (৭৮০০.০০ লক্ষ টাকা) এডিপি/ আরডিপিপি বরাদ্দের ব্যয়যোগ্য বরাদ্দ ৪৪২০০.০০ লক্ষ টাকা। তিনি আরও জানান, ব্যয়যোগ্য অর্থ হতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিতে মোট ৪৪২০০.০০ লক্ষ (রাজস্ব- ৪৫২.৪৮ লক্ষ ও মুলধন- ৪৩৭৪৭.৫২ লক্ষ) টাকা ছাড় করা হয়েছে। ছাড়কৃত অর্থ হতে এইচবিবি খাতের বকেয়া বিল পরিশোধসহ মোট ৩৯২০৯.৯০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। ছাড়কৃত টাকার ব্যয় অগ্রগতি (১৭ মে/ ২০২৩ পর্যন্ত)- ৮৮.৭১%। প্রকল্প পরিচালক আরও জানান, ২০২২-২৩ অর্থ বছরে আহ্বানকৃত দরপত্রের কার্যাদেশ মূল্য ৫৪২৯৭.৮০ লক্ষ টাকা ও বিগত অর্থ বছরের বকেয়া ১৪৫২৬.৪৬ লক্ষ টাকাসহ মোট ৬৮৮১৪.১৬ লক্ষ টাকা প্রয়োজন। তন্মধ্যে অর্থ	২০২২-২৩ অর্থ বছরে গৃহিত এইচবিবি রাস্তায় নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। এইচবিবি খাতে অতিরিক্ত ২৪৬২৪.২৬ লক্ষ টাকা প্রাপ্তির জন্য মন্ত্রণালয়/বিভাগ-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উপযোজনের মাধ্যমে প্রদত্ত অতিরিক্ত আরও ২৩০৯৪.৩৫ লক্ষ টাকা বরাদ্দ দ্রুত প্রাপ্তি বিষয়ে পরিকল্পনা কমিশন সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রকল্প পরিচালক

আলোচ্য সূচী	আলোচনা বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪
	মন্ত্রণালয়ের ১২/০৩/২০২৩ তারিখের ০৭.১০১. ০২০.০০.০০.০০১.২০০৯- ৪২০ স্মারকের পরিপত্র মোতাবেক আরএডিপি বরাদ্দের ব্যয়যোগ্য (৮৫%) ৪৪২০০.০০ লক্ষ টাকা বাদে আরও ২৪৬২৪.২৬ লক্ষ টাকা প্রয়োজন হবে। অতিরিক্ত অর্থ মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকল্পের RADPতে প্রাপ্ত বরাদ্দ হতে উপযোজনের মাধ্যমে সংশোধিত বরাদ্দ প্রদানের কার্যক্রম চলমান। প্রকল্পের অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রদানের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের RADPতে প্রাপ্ত বরাদ্দ হতে উপযোজনের মাধ্যমে অতিরিক্ত আরও ২৩০৯৪.৩৫ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য গত ০৭/০৫/২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে প্রকল্পের অগ্রগতির হার; আর্থিক- ৮৮.৭১% ও বাস্তব- ৯৬.০০%।		
০৩। প্রকল্পের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি;	প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি ৩৩৪৭২৩.২৭ লক্ষ টাকায় জানুয়ারী, ২০১৯ হতে জুন, ২০২৩ মেয়াদে মোট ৫৫৮৮.৭৮ কি. মি. এইচবিবি রাস্তা বাস্তবায়ন করা হবে। ১৭ মে, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত ব্যয় ২৫৭০৭৭.৭১ লক্ষ টাকা (আর্থিক অগ্রগতি- ৭৬.৮০%) এবং এইচবিবি রাস্তার সম্পাদিত দৈর্ঘ্য ৫০৯৩.৪৫ কিলোমিটার (বাস্তব অগ্রগতি- ৯১.২০%)।	প্রকল্পের সার্বিক কাজ গুনগতমান নিশ্চিত করে সময়মত সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক
০৪। এপিএ এর অগ্রগতি সংক্রান্ত আলোচনা;	প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের এপিএ লক্ষ্যমাত্রা যথাসময়ে বাস্তবায়ন করা হবে। ২০২২-২৩ অর্থ বছরে বাস্তবায়নধীন ৮৬১.৪০ কি.মি. এর মধ্যে ইতোমধ্যে ৮২৫.০৯ কি.মি. এইচবিবি রাস্তা বাস্তবায়ন সম্পন্ন করা হয়েছে। প্রকল্পে কর্মরত কর্মকর্তা ব্যতীত মোট ৪২ টি জেলা/ উপজেলার প্রকল্প পরিদর্শন করা হয়েছে। তাছাড়া এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনে প্রকল্প কাজের গুনগত মান নিশ্চিত করার জন্য মহাপরিচালক মহোদয়, প্রকল্প পরিচালক, উপপ্রকল্প পরিচালক, সহকারী প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট জেলা/ উপজেলার দায়িত্বপ্রাপ্ত সহকারী প্রকৌশলীগণ কর্তৃক এইচবিবি রাস্তার কাজ মাঠ পর্যায়ে নিয়মিত সরেজমিন পরিদর্শন ও মনিটরিং করা হচ্ছে।	২০২২-২৩ অর্থ বছরের প্রকল্পের এপিএ লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	প্রকল্প পরিচালক
০৬। বিবিধ;	উপপ্রকল্প পরিচালক জানান, প্রকল্পের পিএসসি ও পিআইসি সভার সিদ্ধান্তের আলোকে চলমান প্রকল্পটির মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধি করে প্রকল্পটির খসড়া সংশোধিত ডিপিপি প্রস্তুত করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে গত ০৬/০৩/২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্পের 'প্রকল্প মূল্যায়ন কমিটি (PEC)' সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী চলমান প্রকল্পটির অনুমোদিত ডিপিপি'র মুল দৈর্ঘ্যের অবশিষ্ট ৪৫৯.০৯ কিলোমিটারের সাথে অতিরিক্ত আরও ১২০০.০০ কিলোমিটার যুক্ত করে মোট (৪৫৯.০ + ১২০০.০)= ১৬৫৯ কিলোমিটার	পরবর্তী একনেক সভায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য মন্ত্রণালয়/বিভাগ-এর সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে। ২০২৩-২৪ অর্থ বছরে এইচবিবি রাস্তা করার নিমিত্ত দেশের সকল উপজেলায় দ্রুততম সময়ে পত্র প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালক

আলোচ্য সূচী	আলোচনা বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪
	এইচবিবি রাস্তা যুক্ত করে প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধির লক্ষ্যে পুর্নগঠিত সংশোধিত ডিপিপি প্রস্তুত করে গত ০৬/০৪/২০২৩ খ্রি. তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ফলে প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৪৩৩৪৯৩.৪০ লক্ষ (রাজস্ব- ১৮০১.৬২ লক্ষ ও মুলধন- ৪৩১৬৯১.৭৮ লক্ষ) টাকা হবে, যা অনুমোদিত প্রকল্প ব্যয়ের ৯৮৭৬৯.৬২ লক্ষ টাকা অর্থ্যাৎ ২৯.৫১% বৃদ্ধি পাবে। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এর সভায় সংশোধিত আরডিপিপি সদয় অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন। আগামী ২০২৩-২৪ অর্থ বছরে প্রস্তাবিত সংশোধিত ডিপিপির সংস্থান অনুযায়ী 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের অধীন প্রকল্প প্রস্তাব ও তথ্য প্রদানের নিমিত্ত গত ১৬/০৫/২০২৩ তারিখে পত্র স্বাক্ষর করা হয়েছে।		

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/৫/২৩

(মোঃ মিজানুর রহমান)
মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোনঃ ৮৮০-২-৯৮৬০১৩০
ই-মেইলঃ dg@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.৫৩২.১৯-১৬৭

তারিখঃ ২৬ -০৫-২০২৩ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
০৫। প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়।
০৬। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৭। যুগ্ম প্রধান, এনইসি-একনেক ও সমন্বয়, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
০৮। উপ-সচিব (বাজেট-৩), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপপ্রকল্প পরিচালক, 'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১১। অফিস কপি।

২৬.০৫.২৩

(নিশ্চিন্ত কুমার পোদ্দার)
যুগ্ম সচিব
প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.০৬.০০১.১৯.২৫৪২ তারিখ: ২১/০৫/২০২৩ খ্রি.

সভার নোটিশ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন' প্রকল্পের ১৪তম PIC সভা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে আগামী ২২/০৫/২০২৩ খ্রি. তারিখ বেলা ০২:৩০ ঘটিকায় Zoom এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।

২। **সভার আলোচ্যসূচি নিম্নরূপ-**

ক) ১৩তম পিআইসি সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ;
খ) প্রকল্পের আর্থিক ও ভৌত অগ্রগতি
গ) এপিএ অগ্রগতি সংক্রান্ত আলোচনা; এবং
ঘ) বিবিধ।

৩। সভায় সম্মানিত সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

Zoom ID: 86024359511

২১/৫/২০২৩
মোঃ জানে আলম
(অতিরিক্ত সচিব)
প্রকল্প পরিচালক
ফোন: ০১৭২৬-৯৫৫৫২২
E-mail: pd.mujibkilla@ddm.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)
২। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)
৩। বিভাগ প্রধান, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)
৪। বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)
৫। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, মহাখালী, ঢাকা
৬। যুগ্মপ্রধান, এনইসি-একনেক এন্ড কো-অর্ডিনেশন উইং, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা (উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)
৭। যুগ্মসচিব (পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। পরিচালক (পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, মহাখালী, ঢাকা
৯। উপসচিব (পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। উপ-প্রকল্প পরিচালক, মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.০৬.০০১.১৯- ২৬৬৫ তারিখ: ৩১/০৫/২০২৩ খ্রি.

বিষয়: মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ১৪তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মিজানুর রহমান
মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

তারিখ : ১৮ মে ২০২৩, দুপুর ২:০০ ঘটিকা

স্থান : সভাটি জুম কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণীতে কোনো সংশধোনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুসরণপূর্বক আলোচনান্তে বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

২। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি সংক্রান্ত আলোচনা

সভাপতির নির্দেশক্রমে সভায় প্রকল্পের হালনাগাদ আর্থিক ও বাস্তব অগ্রগতি তুলে ধরা হয় যা নিম্নরূপ-

(লক্ষ টাকায়)

ডিপিপি সংস্থান	১৯০৩৫৩.০০	রাজস্ব: ৩৬৫৭.৭০ মূলধন: ১৮৪৭৬৮.৯২ ফিজিক্যাল কন্টিনজেন্সি: ১৩২৫.৫৮ প্রাইস কন্টিনজেন্সি: ৬০০.৮০	
২০২২-২৩ অর্থবছরে উপযোজনপূর্বক RADP বরাদ্দ	১১৪৭৮.৪০	রাজস্ব: ৪৯৬.৬৮	মূলধন: ১০৯৮১.৭২
২০২২-২০২৩ অর্থবছরের ১৭/৫/২৩ পর্যন্ত ব্যয়	৬৩৭৪.৫৭	আরএডিপি-র ৪৭.২২%	
শুরু হতে ১৭/৫/২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি প্রকল্পের মোট কাজের (%)	২১৮৯৬.৫১ ১১.৫০%		

৩। এপিএ অগ্রগতি সংক্রান্ত আলোচনা

উপ-প্রকল্প পরিচালক সভাকে জানান, চলতি অর্থবছরে এপিএ লক্ষ্যমাত্রা ১৫০০০ বর্গমিটারের বিপরীতে ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারে ১২৬৪১ বর্গমিটার ভবনের কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হবে।

৪। সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলায় ফেঁনারবাগ মুজিব কিল্লা বি ক্যাটাগরি হতে সি ক্যাটাগরিতে রূপান্তর

সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলায় ফেঁনারবাগ মুজিব কিল্লা সাইটটি বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় সংসদ সদস্য এ্যাডভোকেট শামীমা আক্তার ৩.০ একর ব্যক্তিগত জমি দান করেন। বি ক্যাটাগরির কাজের সাথে তিনতলা ভবন সংযুক্ত করা হলে তা সি ক্যাটাগরিতে রূপান্তরিত হবে। প্রয়োজনীয় অর্থের সংস্থান ও পর্যাপ্ত জায়গা রয়েছে বিধায় সাইটটি সি ক্যাটাগরিতে রূপান্তর করা যাবে। সভাপতি সাইটটি বি হতে সি ক্যাটাগরিতে রূপান্তরের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত প্রদান করেন।

৫। লালমনিরহাট সদর উপজেলায় ফলিমারি মুজিব কিল্লা বাস্তবায়ন

লালমনিরহাট সদর উপজেলায় ফলিমারি মুজিব কিল্লা প্রকল্পটির অনুকূলে গত ৯/২/২০২১ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। সাইটটির ৭০% কাজ সম্পন্ন হওয়ার পর থেকে পার্শ্ববর্তী নদীর ভাঙন শুরু হয়। সেই প্রেক্ষিতে নভেম্বর ২০২১ হতে বাস্তবায়ন কাজ স্থগিত রাখা হয়। বর্তমানে নদী হতে প্রকল্প সাইটটি মাত্র ৬৫ ফিট দূরে অবস্থান করছে। এই অবস্থায় কাজের বিল পরিশোধপূর্বক কাজ বন্ধ রাখা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর কার্যাদেশ বাতিল করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৬। চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলায় অবস্থিত চর সন্তোষপুর মুজিব কিল্লা প্রকল্পের বিকল্প প্রস্তাব হিসেবে পূর্ব উরির চর মুজিব কিল্লা

চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলায় অবস্থিত চর সন্তোষপুর প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে ২৭/৯/২০২০ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। এর অনুবৃত্তিক্রমে লে-আউট প্রদানকালে দেখা যায়, প্রকল্প স্থান নিয়ে মালিকানা সংক্রান্ত জটিলতা/মামলা রয়েছে। তৎপরিপেক্ষিতে মামলা নিরসন না হওয়ায় বিকল্প প্রস্তাব হিসেবে 'পূর্ব উরির চর মুজিব কিল্লা' সাইটটি ৬ষ্ঠ পিআইসি সভায় অনুমোদিত হয়। সেমতে ২২/৯/২১ তারিখে ঠিকাদারি প্রতিষ্ঠানকে সংশোধিত কার্যাদেশ দেওয়া হলে DUET কর্তৃক সার্ভেপূর্বক ১৮/১২/২২ তারিখে estimate ও drawing পাওয়া যায়। ইতোমধ্যে ২০২২ সালের নতুন শিডিউল রেট প্রকাশিত হয়। এ অবস্থায় ঠিকাদারি প্রতিষ্ঠান ২০১৮ সালের রেট শিডিউল অনুসরণ করে কাজ করতে অপারগতা প্রকাশ করে এবং পিডব্লিউডি কর্তৃক ২০২২-২৩ সালের (সংশোধিত) রেইট শিডিউল অনুসরণপূর্বক পুনঃপ্রাক্কলন প্রস্তুতপূর্বক কার্যাদেশ প্রদানের অনুরোধ জানান। এ বিষয়ে আলোচনাকালে সভায় একমত পোষণ করা হয় যে, বিদ্যমান বিধি অনুসরণপূর্বক ঠিকাদারকে নতুন রেট শিডিউল অনুযায়ী বিল পরিশোধের সুযোগ নেই। অন্যদিকে ২০২০ সালে কার্যাদেশ প্রদান করার পর থেকে estimate ও drawing প্রদান করা পর্যন্ত দীর্ঘ সময় অতিবাহিত হয়েছে। এক্ষেত্রে ঠিকাদার তার দাখিলকৃত দর অনুযায়ী কাজ করতে অস্বীকৃতি জানালে পুনরায় দরপত্র আহ্বানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলায় অবস্থিত রাধাগঞ্জ জটিয়ার বাড়ী মুজিব কিল্লা প্রকল্পের বিকল্প প্রস্তাব হিসেবে ৪নং চক পুকুরিয়া মুজিব কিল্লা

গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলায় অবস্থিত রাধাগঞ্জ জটিয়ার বাড়ী মুজিব কিল্লা প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ৯/২/২০২১ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ প্রদানের পর লে-আউট প্রদানকাল এলাকার জনগণ জানান যে, প্রকল্প স্থানে কখনো বন্যা হয় না। এছাড়াও, প্রকল্প সাইটে ১টি মসজিদ, ১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, রাধাগঞ্জ পুরাতন ইউপি ভবন, পুরাতন বিভিন্ন ধরনের গাছ ও বিশাল পুকুর অবস্থিত। এসকল স্থাপনা থাকার কারণে প্রকল্প স্থান পরিবর্তন করে ৪নং চক পুকুরিয়া মুজিব কিল্লা নির্মাণের প্রস্তাবটি ১২৩ম পিআইসি সভায় অনুমোদিত হয়। সেমতে ৩০/১০/২২ তারিখে ঠিকাদার প্রতিষ্ঠানকে সংশোধিত কার্যাদেশ দেওয়া হয়। ইতোমধ্যে দীর্ঘ সময় অতিবাহিত হয়েছে এবং ২০২২ সালের নতুন রেট শিডিউল প্রণয়ন করা হয়েছে। এ অবস্থায় ঠিকাদারি প্রতিষ্ঠান ২০১৮ সালের রেট শিডিউলের স্থলে পিডব্লিউডি কর্তৃক ২০২২-২৩ সালের (সংশোধিত) রেট শিডিউল অনুসরণপূর্বক পুনঃপ্রাক্কলন প্রস্তুতপূর্বক কার্যাদেশ প্রদানের অনুরোধ জানান। এ বিষয়ে

আলোচনাকালে সভায় একমত পোষণ করা হয় যে, বিদ্যমান বিপি অনুসরণপূর্বক ঠিকাদারকে নতুন রেট শিডিউল অনুযায়ী বিল পরিশোধের সুযোগ নেই। কার্যাদেশ প্রদানের পর হতে দীর্ঘকাল অতিবাহিত হওয়ার প্রেক্ষিতে ঠিকাদার তার দাখিলকৃত দর অনুযায়ী কাজ করতে অস্বীকৃতি জানালে পুনরায় দরপত্র আহ্বানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। হাওর অঞ্চলে মাটির উচ্চতা বৃদ্ধিকরণ

২০২২ সালে সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোণা জেলার হাওর অঞ্চলে ১২০ বছরের মধ্যে সর্বোচ্চ পরিব্যাপ্তি নিয়ে বন্যা হয়। সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোণা অঞ্চলে বাস্তবায়নাধীন মুজিব কিল্লা মাটির উচ্চতা ১৯৮৮ সালের বন্যাসীমা বিবেচনা করে নির্ধারণ করা হয়েছে। এদিকে বর্তমান ২০২২ সালের সর্বোচ্চ বন্যাসীমা বিবেচনায় কিল্লার উচ্চতা নির্ধারণ করতে হচ্ছে। এতে ডিজাইন হতে ৩ হতে ৪ ফুট বেশি উচ্চতায় মাটি ভরাট করতে হচ্ছে। যার ফলে মাটির পরিমাণ বৃদ্ধি পাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং হাওড় অঞ্চলে বিশেষত সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোণা জেলায় ২০২২ সালের বন্যাসীমা বিবেচনায় নিয়ে মাটির ভরাটের উচ্চতা নির্ধারণের বিষয়ে একমত পোষণ করা হয়। এক্ষেত্রে অতিরিক্ত মাটির প্রয়োজন হলে HoPE কর্তৃক তা পূর্বানুমোদন করিয়ে নেওয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৯। সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলায় ইমরান আহমেদ কারিগরি কলেজ মুজিব কিল্লা প্রকল্পের ভেরিয়েশন অনুমোদন

